

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
বাংলাদেশের নির্বাচিত এলাকায় কুচিয়া ও কঁকড়া চাষ এবং গবেষণা প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

নং: ৩৩.০২.০০০০.৯০৩.০১.০৩১.১৫.৯০৩/১(১০৮)


তারিখঃ ২০/০৮/২০১৭ খ্রি.:

বিষয়ঃ আরডিপিপি অনুযায়ী বাংলাদেশের নির্বাচিত এলাকায় কুচিয়া ও কঁকড়া চাষ এবং গবেষণা প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়ন নির্দেশিকা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের নির্বাচিত এলাকায় কুচিয়া ও কঁকড়া চাষ এবং গবেষণা প্রকল্পের আরডিপিপিতে প্রকল্পের প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রদর্শনী বাস্তবায়ন নির্দেশিকা সংযোজন করা হয়েছে। উল্লিখিত প্রদর্শনী বাস্তবায়ন নির্দেশিকা (সংযোজনী-১) অনুযায়ী প্রকল্পের প্রদর্শনী কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি: সংযোজনী-১ (এক প্রস্থ)


(ড. বিস্বজিত কুমার চক্রবর্তী)
প্রকল্প পরিচালক

বাংলাদেশের নির্বাচিত এলাকায় কুচিয়া ও কঁকড়া চাষ এবং
গবেষণা প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

বিভাগীয় উপপরিচালক/ জেলা মৎস্য কর্মকর্তা/ সিনিয়র উপজেলা মৎস্য
কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপক (প্রকল্প এলাকা)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য ভবন। (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো)
- ৩। সংশ্লিষ্ট নথি।

প্রদর্শনী বাস্তবায়ন নির্দেশিকাঃ

ক. উপজেলা জলাশয় নির্বাচন কমিটি:

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং ৩৩.০০.০০০০.১৩৬.১৪.০২৯.(২)১৪-০১, তারিখঃ ০৫.০১.২০১৬ খ্রি. এবং ২৩.১২.২০১৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১ম স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী নিম্নবর্ণিত ০৯ সদস্য বিশিষ্ট কমিটি উপজেলায় কুচিয়া ও কীকড়া প্রদর্শনীর জন্য উপযুক্ত জলাশয় নির্বাচন করবেন।

ক্রমিক নং	পদবী ও কর্মস্থল	জলাশয় নির্বাচন কমিটির পদবী	মন্তব্য
১.	মাননীয় সংসদ সদস্য, সংশ্লিষ্ট নির্বাচনী এলাকা	প্রধান উপদেষ্টা	
২.	চেয়ারম্যান, উপজেলা পরিষদ	উপদেষ্টা	
৩.	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি	
৪.	উপজেলা কৃষি কর্মকর্তা	সদস্য	
৫.	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	সদস্য	
৬.	উপজেলা সমবায় কর্মকর্তা	সদস্য	
৭.	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সদস্য	
৮.	স্থানীয় একজন মৎস্যচাষি প্রতিনিধি	সদস্য	উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত
৯.	সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা	সদস্য-সচিব	

খ. প্রকল্পের সুফলভোগী নির্বাচন এবং দল গঠনঃ

জলাশয়ের তীরবর্তী দরিদ্র কৃষক ও মৎস্যচাষি এবং ভূমিহীন লোক হবে কুচিয়া চাষ ও কীকড়া মোটাতাজাকরণ প্রদর্শনীর কাজিত সুফলভোগী। কুচিয়া চাষ এবং কীকড়া মোটাতাজাকরণ প্রদর্শনীর জন্য প্রকল্পের সুবিধাভোগীদের (জলাশয়ের আশেপাশে বসবাসকারী দরিদ্র কৃষক/মৎস্যচাষি) নিয়ে দল গঠন করতে হবে। কিন্তু কীকড়া মোটাতাজাকরণ প্রদর্শনীর জন্য সুবিধাভোগী মানদণ্ড শিথিলযোগ্য যা উপযুক্ত জলাশয়ের প্রাপ্যতার উপর ভিত্তি করে হতে পারে। কাজিত দলের বাইরেও স্থানীয় এলাকার জনগণকে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবহিত ও উৎসাহিত করতে হবে। দরিদ্র কৃষক/ভূমিহীন, দরিদ্র বেকার যুবক ও দুঃস্থ নারী যারা প্রকল্প এলাকায় জলাশয়ের নিকটে বসবাস করবে তাদের নিয়ে দল গঠন করতে হবে। কুচিয়া প্রদর্শনীর সুফলভোগীর সংখ্যা ১০ বা তার বেশি হতে হবে এবং কীকড়া চাষ/মোটাতাজাকরণ প্রদর্শনীর উপকারভোগীর সংখ্যা ০১ বা একাধিক হতে পারে। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা প্রকল্পের সুফলভোগী দল গঠন করবেন।

গ. চুক্তি সম্পাদন:

সুফলভোগী দলনেতার সাথে স্থানীয় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প প্রকল্প বাস্তবায়ন সাধারণ নীতিমালা অনুযায়ী একটি চুক্তিনামা স্বাক্ষর করবেন।

ঘ. উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণঃ ভারত, ফিলিপাইন ও ইন্দোনেশিয়ার Grow out pond এর প্রতি শতাংশে উৎপাদন মাত্রা ৫⁽⁺⁾ কেজি এর আলোকে উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

১. কুচিয়াঃ

প্রদর্শনী সংখ্যাঃ ২৭০ টি (২৫৬+১৪)

প্রতি প্রদর্শনীতে উৎপাদন ৩০১-৩৬৭ কেজি

মোট উৎপাদনঃ ৯০৫১৪ কেজি+

২. কীকড়াঃ

ক. কিশোরঃ	খ. পেনঃ	গ. খাঁচাঃ
প্রদর্শনী সংখ্যাঃ ২৪৪ টি (খামারসহ) প্রতি প্রদর্শনীতে উৎপাদনঃ ৩১১ কেজি (৯.৪২/শতাংশ) মোট উৎপাদনঃ ৭৫৮৮৪ কেজি	প্রদর্শনী সংখ্যাঃ ৩৪৬ টি (খামারসহ) প্রতি প্রদর্শনীতে উৎপাদনঃ ১৭২ কেজি (৮.৬০ কেজি/শতাংশ) মোট উৎপাদনঃ ৫৯৫১২ কেজি	প্রদর্শনী সংখ্যাঃ ৩৪১ টি (খামারসহ) প্রতি প্রদর্শনীতে উৎপাদনঃ ১৭৮ কেজি মোট উৎপাদনঃ ৬০৬৯৮ কেজি

মোট উৎপাদন = ৯০৫১৪+৭৫৮৮৪ +৫৯৫১২+৬০৬৯৮=২৮৬৬০৮ কেজি (২৮৬.৬১ মে.টন)

ঙ. তহবিল গঠনঃ

প্রাথমিকভাবে প্রকল্প কর্তৃক আর্থিক সাহায্য ও সহায়তা দেয়া হবে। আর্থিক সহায়তা ক্রমান্বয়ে প্রত্যাহার করা হবে। কিন্তু সুফলভোগী দল নিয়মিত সঞ্চয়ের মাধ্যমে নিজেরাই তহবিল তৈরি করবে যাতে তারা ভবিষ্যতে স্বয়ংসম্পূর্ণ হতে পারে। সুফলভোগী দল তাদের জলাশয় এবং সংশ্লিষ্ট উদ্যোগ পরিচালনার জন্য এ তহবিল ব্যবহার করতে পারবে। দলনেতা এবং সদস্যদের হিসাব ও কার্যক্রম পরিচালনার জন্য প্রশিক্ষিত করা হবে। সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার সহযোগিতায় তহবিল পরিচালিত হবে। মৎস্য অধিদপ্তরধীন মৎস্য বীজ উৎপাদন খামারে উৎপাদিত কুচিয়া ও কীকড়ার বিক্রয়লব্দ অর্থ লক্ষ্যমাত্রা অনুযায়ী সরকারী কোষাগারে জমা প্রদান করা হবে।

B